ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# সংবাদ বিজ্ঞপ্তি

## <u>পরিবহন খাতের দুর্নীতি বন্ধ করার নামে চাঁদাবাজি বৈধ করার প্রস্তাবের প্রতিবাদ জানিয়েছে টিআইবি</u>

**ঢাকা, ফেব্রুয়ারি ১৩, ২০১২:** আজ ১৩ ফেব্রুয়ারি সোমবার, পত্রিকায় প্রকাশিত সংবাদে পরিবহন খাতের অবৈধ চাঁদাবাজি তথা লাগামহীন দুর্নীতি বন্ধের জন্য শ্রম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির চার নম্বর উপ-কমিটির বৈঠকে উত্থাপিত পরিবহণ খাতের দুর্নীতি বন্ধ করার নামে চাঁদাবাজি বৈধ করার প্রস্তাবের প্রতিবাদ জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

এক বিবৃতিতে টিআইবি'র নির্বাহী পরিচালক **ড. ইফতেখারুজ্জামান** বলেন, "চাঁদাবাজি বন্ধে শ্রমিক সংগঠনের মাধ্যমে টোল আদায়ের যে প্রস্তাবনা দেয়া হয়েছে তা সম্পূর্ণভাবে বেআইনী, অগণতান্ত্রিক ও অসাংবিধানিক। এই প্রস্তাবনার বাস্তবায়ন একদিকে **'অপরাধ দমন করতে অপরাধ করাকে'** প্রতিষ্ঠিত করবে এবং অন্যদিকে এটা হবে সরকারি দলের নির্বাচনী অঙ্গীকারের পরিপন্থী।" উল্লেখ্য, বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী প্রতিশ্রুতির অগ্রাধিকারভিত্তিক পাঁচটি বিষয়ের মধ্যে উল্লেখযোগ্য ছিল সন্ত্রাস ও চাঁদাবাজি নিষিদ্ধ করে দেশে সুশাসন প্রতিষ্ঠা করা। চাঁদাবাজির বৈধতা প্রদানের প্রস্তাব বাস্তবায়িত হলে তা বাস্তবে অধিকতর টোলবাজি ও চাঁদাবাজিকেই উৎসাহিত করবে এবং এর বোঝা পড়বে সাধারণ জনগণের ওপর, এবং এটি নৈতিক ও সামাজিকভাবে অগ্রহণযোগ্য। এধরনের প্রস্তাব সরকারের জন্য রাজনৈতিক বিবেচনায় আত্মঘাতীমূলক।

তিনি আরো বলেন, "অবৈধ চাঁদাবাজি তথা পরিবহন খাতের দুর্নীতি বন্ধের বিষয়টি সংসদীয় কমিটিতে আলোচিত হওয়া নিঃসন্দেহে প্রশংসনীয় কিন্তু তার মাধ্যমে ক্ষমতার অপব্যবহার বা কোন বিশেষ গোষ্ঠীকে অনিয়ম করার বৈধতা প্রদানের প্রস্তাব অগ্রহণযোগ্য।" বিশেষ করে, নির্বাচনের দুই বছর আগে এ ধরনের প্রস্তাব জনগণের কাছে সরকারি দলের আস্থা ও গ্রহণযোগ্যতার সম্ভাবনাকে বিনষ্ট করবে।

আমরা বিশ্বাস করতে চাই যে, এ ধরনের প্রস্তাব শ্রম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিসহ সরকারের সংশ্লিষ্ট সকলের মতামতের প্রতিফলন নয়। তাই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংসদীয় স্থায়ী কমিটি ও সংশ্লিষ্ট সকলে নৈতিক অবস্থান থেকে আরো অধিক বিবেচনাপ্রসূত হবেন এবং ন্যায়সঙ্গত আচরণ করবেন ও দূরদৃষ্টিতার পরিচয় দিবেন বলে আশা প্রকাশ করে টিআইবি ।

**গণমাধ্যম যোগাযোগঃ**

**রিজওয়ান-উল-আলম**
পরিচালক
আউটরিচ এ্যান্ড কমিউনিকেশন
ই-মেইলঃ rezwan@ti-bangladesh.org
ফোনঃ ০১৭১৩০৬৫০১২